গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২১

তারিখ----------/১৪২৭বঙ্গাব্দ
/২০২১খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- 026/2021

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব টিটু বৈদ্য (পিতাঃ অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (বরখাস্তের পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার) কে সেবা পরিদপ্তর এর ৩০/০৯/২০১৩ইং তারিখের ডি.এন.এস/শা-১/১ত-৩১১/২০২০/৬৩১৬ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী সরকারী চাকরী হতে বরখাস্ত করা হয়;

২। যেহেতু, আপনি সরকারী চাকরী হতে বরখাস্ত হওয়ার পরে পুনরায় সরকারী চাকরীর জন্য আবেদন করেন এবং তৎপ্রেক্ষিতে ০৮/১২/২০১৬ইং তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে সিনিয়র স্টাফ নার্স পদে ১৫/১২/২০১৬ইং তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম এ যোগদান করে ২০/১২/২০১৬ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন;

৩। যেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৪)(খ) এ উল্লেখ করা হয়েছে যে," চাকুরী হইতে বরখাস্তকরণের দন্ড আরোপ করা হইলে সরকারের অধীনে বা কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো সংবিধিবদ্ধ সংস্থার চাকুরীতে নিযুক্ত হইবার অযোগ্য হইবেন"।

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ১১/০১/২০২১ইং তারিখের ২৮নং স্মারকে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে অননুমোদিতভাবে দীর্ঘ ০৪ (চার) বৎসর ০১ (এক) মাস ২৪ (চব্বিশ) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার এবং সরকারী চাকরী হতে বরখাস্ত হওয়া সত্ত্বেও তথ্য গোপন করে দ্বিতীয়বার সরকারী চাকুরীতে যোগদান করার অভিযোগ প্রমাণিত মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় ;

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরন" ও "দুর্নীতি"এর আওতাভুক্ত অপরাধ;

৭। সেহেতু, এক্ষণে আপনি জনাব টিটু বৈদ্য (পিতাঃ অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (বরখাস্তের পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লক্স, মহেশখালী, কক্সবাজার) কে "অসদাচরণ" ও "দুর্নীতির" দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক আপনাকে চাকরী হতে বরখাস্ত করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব (৩ কপি) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

জনাব টিটু বৈদ্য
সিনিয়র স্টাফ নার্স

কর্মস্থলের ঠিকানাঃ
জনাব টিটু বৈদ্য
পিতাঃ অমল বৈদ্য
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম

স্থায়ী ঠিকানাঃ
জনাব টিটু বৈদ্য
পিতাঃ অমল বৈদ্য
গ্রাম-গুজরা, পোঃ তেকোটা,
থানাঃ আনোয়ারা, জেলাঃ চট্টগ্রাম

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২১. ১৪৩/ ১(৯)

তারিখ- ২১/১১/১৪২৭বঙ্গাব্দ
০৪/৩ /২০২১খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। জনাব টিটু বৈদ্য (পিতাঃ অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ অভিযোগনামাটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। অফিস কপি।

08.03.2021

শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@ dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব টিটু বৈদ্য (পিতাঃ অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (বরখাস্তের পূর্বের কর্মস্থল-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার) কে সেবা পরিদপ্তর এর ৩০/০৯/২০১৩ইং তারিখের ডি.এন.এস/শা-১/১ত-৩১১/২০২০/৬৩১৬ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি অনুযায়ী সরকারী চাকরী হতে বরখাস্ত করা হয়। তিনি সরকারী চাকরী হতে বরখাস্ত হওয়ার পরে পুনরায় সরকারী চাকরীর জন্য আবেদন করেন এবং তৎপ্রেক্ষিতে ০৮/১২/২০১৬ইং তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে সিনিয়র স্টাফ নার্স পদে ১৫/১২/২০১৬ইং তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম এ যোগদান করে ২০/১২/২০১৬ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরন" ও "দুর্নীতি"এর আওতাভুক্ত অপরাধ।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯৯.২০২০-

তাং- / /১৪২৭ বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: ব্যক্তিগত শুনানী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনাব মো: রফিকুল ইসলাম খান (পিতা: ওয়াজেদ আলী খান), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব দাখিল করেছেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। তিনি জবাবের শেষাংশে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করায় কর্তৃপক্ষ ব্যক্তিগত শুনানী গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। এমতাবস্থায়, আগামী ২১-০৩-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা মহোদয়ের অফিসকক্ষে মহাপরিচালক কর্তৃক বিভাগীয় মামলায় তার ব্যক্তিগত শুনানী গৃহীত হবে। নির্ধারিত সময়ে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য তাকে অনুরোধ করা হল।

শোভা শাহনাজ
(উপসচিব)
পরিচালক (শৃঙ্খলা)
(মহাপরিচালকের পক্ষে)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

প্রাপক:
জনাব মো: রফিকুল ইসলাম খান
পিতা: ওয়াজেদ আলী খান
সিনিয়র স্টাফ নার্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৯৯.২০২০- ১৪৪(৭৫)

তাং- ২০ / ১১ /১৪২৭ বঙ্গাব্দ
০৪ / ০৩ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
০২। সিভিল সার্জন, বরিশাল।
০৩। সেবা তত্ত্বাবধায়ক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
০৩। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। অফিস কপি।

০৪/০৩/২০২১
উপপরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।